



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

বিসিসি ভবন, প্লট#ই-১৪/এস, আগারগাঁও, শেরে-বাংলানগর, ঢাকা-১২০৭, ফোনঃ ০২-৮১৪৪০৪৫, ০২-৮১৪৪০৪৬
ফ্যাক্সঃ ০২-৯১২৪৬২৬, ইমেইলঃ bcc@bcc.net.bd, Web Site: http://www.bcc.gov.bd



নং: ৫৬.০১.০০০০.০০৭.০২৫.৬৯১.২০১৫ - ৯৯৯

তারিখঃ ৩১/০৩/২০১৫ খ্রিঃ

Fast Track Future Leader (FTFL) Training Program

-এ যোগ দিন এবং আইটিতে সম্ভাবনাময় ভবিষ্যৎ গড়ুন

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের (বিসিসি) জাতীয় আইসিটি ইন্টারশিপ কার্যক্রমকে IT/ITES শিল্পের চাহিদা অনুযায়ী পুনঃগঠিত করে Leveraging ICT for Growth, Employment and Governance Project (LICT) এর Fast Track Future Leader (FTFL) Training Program এ রূপান্তরিত করা হয়েছে। সমন্বিত এ প্রোগ্রামের ১ম ব্যচে উন্মুক্ত প্রতিযোগিতার ভিত্তিতে অনলাইন পরীক্ষার মাধ্যমে প্রতি কোর্সে ২০ জন করে মোট ১৮০ জনকে নির্বাচিত করা হবেঃ

ক্র:	সম্ভাব্য কোর্স	আবেদনের ন্যূনতম যোগ্যতা
1	.NET	CSE/ CS Graduate or Science Graduate with Programming Knowledge
2	Web Security & Ethical Hacking	Do
3	PHP	Do
4	Android	Do
5	Web Intelligence & Big Data	Do
6	ERP/ Software Implementation	Commerce Graduate/ BBA/ MBA
7	Software & ITES Sales & Marketing (SEO & Web Marketing)	Commerce Graduate/ BBA/ MBA
8	Front-End GUI & Graphics (Web & Mobile)	Graduate with HTML & Basic graphics design knowledge
9	Software & Mobile Application Testing	Graduate with primary computer knowledge

আবেদনের শর্তঃ

১। সকল ক্ষেত্রে আবেদনকারীর বয়স সর্বোচ্চ ৩৫ বছর।

২। ইতোপূর্বে যারা আবেদন করেছিলেন কিন্তু বিসিসি'র ইন্টারশিপ প্রোগ্রাম বা FTFL প্রোগ্রামে অংশগ্রহণ করতে পারেন নাই তাঁরা পুনরায় আবেদন করতে পারবেন।

প্রাথমিক বাছাই, লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষাঃ

- অনলাইনে আবেদন করতে হবে। প্রদত্ত তথ্য-উপাত্ত যাচাই-বাছাই করে লিখিত পরীক্ষার জন্য প্রার্থী নির্বাচন করা হবে।
- প্রার্থীরা তাদের পছন্দানুযায়ী ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও ফরিদপুরে অবস্থিত বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কার্যালয়ে অনলাইন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন। এ জন্য কোন টিএ/ডিএ দেয়া হবে না।
- এমসিকিউ পদ্ধতিতে ১ ঘন্টা ব্যাপী অনলাইন পরীক্ষা গ্রহণ করা হবে। মোট নম্বর ৬০। এর মধ্যে ৪০ নম্বর কম্পিউটার, ইংরেজি, গণিত ও চিন্তামূলক মৌলিক জ্ঞান বিষয়ক এবং বাকি ২০ নম্বর ট্র্যাকভিত্তিক মৌলিক জ্ঞান বিষয়ক।
- অনলাইন পরীক্ষায় উত্তীর্ণদের ৪০ নম্বরের দলভিত্তিক মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- অনলাইন ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধা তালিকা প্রণয়ন করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিতদের একটি ওরিয়েন্টেশন প্রোগ্রামে অংশগ্রহণ করতে হবে। নির্ধারিত পোশাকে অভিভাবকসহ এ প্রোগ্রামে অংশগ্রহণ বাধ্যতামূলক।

স্বাস্থ্য পরীক্ষাঃ

চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের নিজ উদ্যোগে ও ব্যয়ে স্বাস্থ্যগত উপযুক্ততা প্রমাণের জন্য মেডিকেল সনদ জমা দিতে হবে।

প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যঃ

১। প্রশিক্ষণার্থীদের ৩ মাসের আবাসিক প্রশিক্ষণে সফট স্কিল, আইটি ইন্ডাস্ট্রির মৌলিক জ্ঞান ও কোর্সভিত্তিক বিশেষায়িত প্রায়ুক্তিক প্রশিক্ষণ দেয়া হবে। আবাসিক প্রশিক্ষণটি ঢাকার বাইরের এক/একাধিক প্রশিক্ষণ ইনস্টিটিউটে অনুষ্ঠিত হবে; যা কঠোর নিয়মানুবর্তী ও শৃঙ্খলামূলক। এ সময়ে কোনো ছুটি প্রদান করা হবে না। প্রশিক্ষণার্থীর থাকার-খাওয়ার খরচ এলআইসিটি প্রকল্প হতে বহন করা হবে।

২। এ প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীকে কোন ফি প্রদান করতে হবে না।

৩। মোট ৩ মাসের প্রশিক্ষণ শেষে দেশের বিভিন্ন আইটি কোম্পানিতে ৩ মাসের জন্য প্রার্থীদের বাস্তব জ্ঞান অর্জনের জন্য সংযুক্ত করা হবে; এ সময়ে এলআইসিটি প্রকল্প হতে সংশ্লিষ্ট কোম্পানির মাধ্যমে ভাতা প্রদান করা হবে এবং প্রশিক্ষণে নিজেদের দক্ষতা প্রমাণ সাপেক্ষে একই কোম্পানির নিয়মিত চাকুরিজীবী হিসেবে তাঁরা যোগ দেবেন।

৪। প্রশিক্ষণ চলাকালীন ও পরবর্তী ২ বছর প্রশিক্ষণার্থীদের সকল কর্মকান্ডের ট্র্যাকিং রাখা হবে।

৫। সফল প্রশিক্ষণার্থীকে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে সংশ্লিষ্ট কোর্সে Post Graduate Diploma প্রদান করা হবে।

প্রশিক্ষণে অংশগ্রহণের শর্তাবলীঃ

১। ওরিয়েন্টেশন প্রোগ্রামের দিন সকল কাগজপত্রের মূলকপি ও ১ সেট ফটোকপি আনতে হবে;

২। নিজস্ব Laptop সহ প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

৩। প্রশিক্ষণ চলাকালে অন্য কোনো প্রশিক্ষণ বা একাডেমিক কার্যক্রমের সাথে সংযুক্ত থাকা যাবে না;

৪। প্রশিক্ষণ চলাকালে কোনো পূর্ণ/খণ্ডকালীন চাকরির সাথে সংযুক্ত থাকা যাবে না;

৫। বর্তমানে চাকুরিরতদের আবেদন গ্রহণযোগ্য হবে না;

৬। প্রশিক্ষণকালীন কোনো শিক্ষা ছুটি প্রদান করা হবে না;

৭। প্রশিক্ষণ চলাকালে কোনো অবস্থাতেই কোর্স পরিবর্তন করা যাবে না;

৮। প্রশিক্ষণ চলাকালে যে কোনো শারীরিক অসুস্থতার চিকিৎসা খরচ প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে এবং গুরুতর অসুস্থ হলে তাকে এ প্রশিক্ষণ হতে অব্যাহতি প্রদান করা হবে;

৯। চূড়ান্তভাবে নির্বাচিত প্রশিক্ষণার্থীদের বিসিসি'র সাথে ৩০০ (তিনশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্প একটি চুক্তি করতে হবে;

১০। প্রশিক্ষণ শেষে কমপক্ষে ২ বছর দেশীয় কোম্পানিতে চাকরি করতে হবে;

১১। এতদ্বিষয়ক সকল শর্তে অভিভাবকের সম্মতি থাকতে হবে;

১২। বাছাই প্রক্রিয়া চলাকালীন যে কোনো সময় যে কারো প্রার্থীতা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আবেদনের পদ্ধতিঃ

www.lict.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করুন। FTFL Register Here -এ ক্লিক করুন। Create an Account -এ ক্লিক করুন। Applicant রেডিও বাটন নির্বাচন করে আপনার ইমেইল, মোবাইল নম্বর ও সিকিউরিটি কোড প্রবেশ করিয়ে Register বাটনে ক্লিক করুন। আপনার ইমেইলে একটি কনফার্মেশন পাঠানো হবে। আপনার ইমেইল ইনবক্সে কনফার্মেশন মেইলটি না পেলে স্পাম/জাংক ফোল্ডারে খুঁজুন এবং কনফার্মেশন লিঙ্কে ক্লিক করে কনফার্ম করুন। এবার ইমেইলে পাওয়া পাসওয়ার্ড দিয়ে লগ ইন করে আপনার একটি সাম্প্রতিক ছবি আপলোড সহ বিস্তারিত তথ্য পূরণ করে আবেদনটি সাবমিট করুন।

অনলাইন পরীক্ষার জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হলে আপনার ইমেইলে যথাসময়ে প্রবেশপত্র প্রেরণ করা হবে। এছাড়া, আবেদনের শেষ তারিখের ৭ কর্মদিবসের মধ্যে আপনার একাউন্টে লগইন করে নোটিশ বোর্ড -এ সর্বশেষ তথ্য জানা যাবে।

আবেদনের সর্বশেষ তারিখঃ

৭ মে, ২০১৫, রাত ১১.৫৯ টা পর্যন্ত

সতর্কতাঃ

বেশিরভাগ আবেদনকারী শেষ সপ্তাহে আবেদনের চেষ্টা করেন। একই সাথে অসংখ্য প্রার্থী লগ ইনের চেষ্টা করায় কারিগরি সমস্যা দেখা দিতে পারে। শেষ মুহূর্তের অনাকাঙ্ক্ষিত বামেলা এড়াতে আজই রেজিস্ট্রেশন সম্পন্ন করুন।

দৃষ্টি আকর্ষণঃ

- মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে।
- ছাত্র ও চাকুরিজীবীদের আবেদন কোনো অবস্থাতেই গ্রহণ করা হবে না।
- ইতোপূর্বে যারা জাতীয় আইসিটি ইন্টার্নশিপ ও এলআইসিটি প্রকল্পের এফটিএফএল প্রোগ্রামে অংশ গ্রহণ করেছেন তাঁরা আবেদন করতে পারবেন না।

যোগাযোগঃ

হটলাইনঃ ০১৭৯৫০৯০৪১৫, ০১৯৫৪৮৫৫৭৯৮ ইমেইলঃ ftfl.lict@bcc.net.bd

নির্বাহী পরিচালক
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল